

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৮৬৭  
অমরপুর, ২৮ নভেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা  
অম্পি ব্লকভিত্তিক শিবির সমাপ্ত**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে দু'দিনব্যাপী অম্পি ব্লকভিত্তিক শিবির আজ সমাপ্ত হয়েছে। শিবিরে মৎস্য দপ্তর থেকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় ১ জনকে আইস বক্স সহ মোটর সাইকেল দেওয়া হয়। তাছাড়া ১১০ জন মৎস্যচাষিকে পল্ড হেলথ কার্ড ও ২৪ জন মৎস্যচাষিকে মাছের ঔষধ দেওয়া হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে বিভিন্ন প্রকল্প সম্পর্কে জনসাধারণকে অবহিত করা হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ৮৫ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৯০২টি গবাদি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ১০টি পিআরটিসি, ৭টি এস টি, ১টি ইনকাম ও দু'টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। বন দপ্তর থেকে ৯০ জনকে বিভিন্ন অর্থকরি গাছের চারা দেওয়া হয়।

\*\*\*\*\*